

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



Web- [www.rajshahieducationboard.gov.bd](http://www.rajshahieducationboard.gov.bd)

স্মারক নং: ২/কনি-২য় খন্ড/০৩

তারিখ : ১৪/১১/২০১৮

বিষয় : ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ৭০ জন শিক্ষার্থী অতিরিক্ত ভর্তি করণের ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্র: বকরাজ/৩-৩/৩০৫/১৮


তারিখঃ ৩০/১০/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের ভর্তি অনলাইনের মাধ্যমে যথাসময়ে সম্পন্ন হয়েছে। আপনি গত ৩০/১০/২০১৮ ইং তারিখ একটি ফরওয়ার্ডিং এর মাধ্যমে জানিয়েছেন যে, আপনার কলেজে অনলাইনের পরেও অতিরিক্ত ৭০ জন শিক্ষার্থী ম্যানুয়াল ভাবে ভর্তি করে সোনালী সেবার কপিসহ তথ্যাদি শাখায় জমা দিয়েছেন। কিন্তু আসন সংখ্যার অতিরিক্ত ৭০ জন শিক্ষার্থী কিভাবে ভর্তি করা হয়েছে তা উল্লেখ করেন নাই। অতিরিক্ত শিক্ষার্থী ভর্তির অনুমতির কোন কপিও জমা দেন নাই। কিভাবে এই ৭০ জন শিক্ষার্থী ম্যানুয়াল পদ্ধতিতে ভর্তি করা হয়েছে তা আমার জানা প্রয়োজন। অতিরিক্ত শিক্ষার্থী ভর্তির সঠিক ব্যাখ্যা পত্র প্রাপ্তির (০৭) সাত কর্মদিবসের মধ্যে জানানোর জন্য নির্দেশক্রমে আপনাকে বলা হ'ল।

নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনক ব্যাখ্যা প্রদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রাপক : অধ্যক্ষ

বঙ্গবন্ধু কলেজ রাজশাহী  
ডাক- চন্দ্রিমা আ/এ, পদ্মা আবাসিক-৬২০৭,  
বোয়ালিয়া, রাজশাহী মহানগর, রাজশাহী

  
(মোঃ হাবিবুর রহমান)  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
ফোন- ০৭২১-৭৭৫৯৬৩